দৈনিক
ইনকিলাব

তারিখ 02 MAR 2007
পৃষ্ঠা ৩ কলাম



*ইনকিলাব : ইউকে শিক্ষা মেলায় স্টলগুলোতে শিক্ষার্থীদের ভীড়*

# শেরাটনে ইউকে শিক্ষা মেলা শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** বিশ্বায়নের এ যুগে আমাদের মতো দরিদ্র দেশের শিক্ষার্থীদের বিদেশে উচ্চশিক্ষা লাভের আকাঙ্ক্ষা থাকলেও প্রয়োজনীয় তথ্য, যোগাযোগ ও নিশ্চয়তার অভাবে তা অনেক সময় অপূর্ণই থেকে যায়। এ অপূর্ণতা ঘোচাতে ব্রিটিশ কাউন্সিল ঢাকার হোটেল শেরাটনে গতকাল (বৃহস্পতিবার) থেকে তিন দিনব্যাপী ৯ম ইউকে শিক্ষা মেলা-২০০৭'র আয়োজন করেছে। বাংলাদেশী শিক্ষার্থীদের বিদেশে উচ্চ শিক্ষা গ্রহণের ক্রমবর্ধমান চাহিদার প্রতি লক্ষ্য রেখে এ মেলার আয়োজন করা হয়। যুক্তরাজ্যের শীর্ষস্থানীয় ২৭টি ইউনিভার্সিটি এবং কলেজ মেলায় অংশ নিয়েছে। এছাড়া ইউকে ভিসা সার্ভিসেস, ব্রিটিশ হাইকমিশনও মেলায় অংশ নেয়। প্রতিষ্ঠানগুলোর স্টলে তথ্য জানার ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য রয়েছে উন্নমানের সেবা। এ মেলা থেকে শিক্ষার্থীরা ভর্তি সংক্রান্ত প্রতিটি বিষয়ে বিস্তারিত জানতে পারবে। স্টলগুলোতে রয়েছে প্রতিটি প্রতিষ্ঠানের পরিচিতিসহ শর্ত, প্রকার কোর্সের অফার। এছাড়া যুক্তরাজ্যের ভিসা এবং ইমিগ্রেশন সংক্রান্ত যাবতীয় তথ্য জানা যাবে মেলা থেকে। গতকাল শেরাটন হোটেলের উইন্টার গার্ডেনে মেলার উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এসএমএ ফায়েজ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন। আজ (শুক্রবার) বিকাল ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত এবং আগামীকাল ৩ মার্চ (শনিবার) দুপুর ১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত জনসাধারণের জন্য মেলা উন্মুক্ত থাকবে। মেলায় প্রবেশমূল্য নির্ধারণ করা হয়েছে ৫০ টাকা। তবে স্কুল/কলেজের ইউনিফর্ম পরিহিত বা পরিচয়পত্র বহনকারী ছাত্র-ছাত্রীরা বিনামূল্যে মেলা পরিদর্শন করতে পারবে। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ব্রিটিশ ডেপুটি হাইকমিশনার স্টিফেন ব্রিজ উপস্থিত ছিলেন। ব্রিটিশ কাউন্সিলের ডাইরেক্টর জুন রোলিংসন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন। এছাড়া ডেপুটি ডিরেক্টর রিচার্ড স্যান্ডারল্যান্ড, এডুকেশন প্রমোশন এন্ড মার্কেটিং ম্যানেজার রাইকা ওয়ালী খান, ব্রিটিশ হাইকমিশনের ইমিগ্রেশন সেকশনের অফিসার জন ভার্নি ও সারাহ ব্যালফর উপস্থিত ছিলেন।